**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/22/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# NY ফরোয়ার্ড কর্মসূচির প্রথম রাউন্ডে সাদার্ন টিয়ারে মনট্যুর ফলস ও ওয়েভারলি বিজয়ী হওয়া সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

***মনট্যুর ফলস ভিলেজ এবং ওয়েভারলি ভিলেজ প্রত্যেকে 4.5 মিলিয়ন ডলার করে পাবে***

***100 মিলিয়ন ডলারের নতুন NY ফরোয়ার্ড কর্মসূচি নিউ ইয়র্কের অপেক্ষাকৃত ক্ষুদ্র ও গ্রামীণ কমিউনিটিগুলোর জন্য আরো বেশি সমতাপূর্ণ ডাউনটাউন পুনরুদ্ধার প্রচেষ্টায় সহায়তা করার জন্য সফল ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের গতিশীলতার সঙ্গে যোগ হচ্ছে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে NY ফরোয়ার্ড (NY Forward)-এর প্রথম রাউন্ডে সাদার্ন টিয়ার অঞ্চলের বিজয়ী হিসেবে মনট্যুর ফলস ভিলেজ এবং ওয়েভারলি ভিলেজ প্রত্যেকে 4.5 মিলিয়ন ডলার তহবিল লাভ করবে। স্টেটের সফল ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Downtown Revitalization Initiative) গতিশীলতার সঙ্গে যোগ হয়ে, 100 মিলিয়ন ডলারের NY ফরোয়ার্ড কর্মসূচি নিউ ইয়র্কের অপেক্ষাকৃত ক্ষুদ্র ও গ্রামীণ কমিউনিটিগুলোর জন্য আরো বেশি সমতাপূর্ণ ডাউনটাউন পুনরুদ্ধার প্রচেষ্টায় সহায়তা করার জন্য DRI-এর মতো একই "পরিকল্পনার-মাধ্যমে-ব্যবস্থাগ্রহণ" কৌশল গ্রহণ করেছে। NY ফরোয়ার্ড কর্মসূচির প্রথম রাউন্ডের অংশ হিসেবে স্টেটের দশটি অর্থনৈতিক উন্নয়ন অঞ্চলের প্রত্যেকটিতে ক্ষুদ্র কমিউনিটিগুলোকে নিজেদের ডাউনটাউনের পুনরুজ্জীবিতকরণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা করার জন্য দুই থেকে তিনটি অনুদান প্রদান করা হবে।

"মনট্যুর ফলস এবং ওয়েভারলি নিউ ইয়র্ক স্টেটের অফার করা সবচেয়ে সেরা কিছু বিষয়ের প্রতিনিধিত্ব করে: প্রাকৃতিক সৌন্দর্য, একটি প্রাণবন্ত ব্যবসায়িক কমিউনিটি, সমৃদ্ধ কৃষি, এবং সাংস্কৃতিকভাবে সমৃদ্ধ ঐতিহাসিক স্থানসমূহ," **বলেছেন গভর্নর হোকল।** "NY ফরোয়ার্ড কর্মসূচির সুবাদে, এসব কমিউনিটি নিজেদের ডাউনটাউনগুলোকে পুনরুজ্জীবিত করতে এসব সম্পদ ও স্টেট তহবিল কাজে লাগাতে সক্ষম হবে, আরো বেশি কর্মী ও ব্যবসা প্রতিষ্ঠানকে স্বাগত জানাতে পারবে, এবং নিজেদের প্রধান সড়কগুলোকে আঞ্চলিক গন্তব্যস্থলে পরিণত করতে পারবে। আমার প্রশাসন অধিবাসীদেরকে সমৃদ্ধি অর্জনের জন্য প্রয়োজনীয় কর্মসংস্থান, হাতিয়ার, এবং অবকাঠামো প্রদান করতে এধরনের স্থানীয় অর্থনীতিগুলোতে বিনিয়োগ করার জন্য অঙ্গীকারাবদ্ধ রয়েছে।"

[NY ফরোয়ার্ড (NY Forward)]() স্টেটের অর্থনৈতিক উন্নয়ন প্রচেষ্টার একটি কেন্দ্রীয় উপাদান, যা নিউ ইয়র্কের ডাউনটাউনগুলোর পুনরুজ্জীবিতকরণ ত্বরান্বিত করা ও সম্প্রসারণ করার জন্য DRI-এর সাথে একসঙ্গে কাজ করছে। NY ফরোয়ার্ড এমন সব ক্ষুদ্র কমিউনিটিগুলোকে সেবা প্রদান করছে যেগুলোর ঐতিহাসিক চরিত্র সেগুলোকে সাধারণভাবে DRI-এর মাধ্যমে তহবিল বরাদ্দ পাওয়াটা বৃহত্তর, অধিকতর শহুরে সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টগুলো থেকে পৃথক করে তুলেছে। NY ফরোয়ার্ড কর্মসূচির আওতাভুক্ত কমিউনিটিগুলো হেঁটে চলাচলের উপযুক্ত, অপেক্ষাকৃত কম ঘনবসতিপূর্ণ এলাকা যেগুলো সংলগ্ন স্থানীয় কমিউনিটিকে সেবা প্রদান করে, এবং অধিকতর স্থানীয় প্রকৃতির - যেগুলো আশেপাশের এলাকার আবাসিক বা গ্রামীণ কৃষিকেন্দ্রিক উন্নয়নের প্রতি জোর দেয়।

DRI-এর মতো, প্রতিটি NY ফরোয়ার্ড কমিউনিটি বাস্তবায়নের জন্য প্রস্তুত কিছু প্রকল্পের মাধ্যমে এটির ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার জন্য একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়ন করবে। ডিপার্টমেন্ট অব স্টেট (Department of State) ক্ষুদ্র কমিউনিটিগুলোকে আরো ভালোভাবে সহায়তা করতে বর্ধিত প্রযুক্তিগত সহায়তা প্রদান করবে যা NY ফরোয়ার্ড কর্মসূচির অংশ হিসেবে কম সক্ষমতাসম্পন্ন হতে পারে এবং প্রতিটি কমিউনিটির আকার অনুযায়ী যথোপযুক্ত প্রকল্পগুলোতে অর্থায়ন করবে। প্রকল্পগুলোর মধ্যে ভবনের সংস্কারকাজ ও পুনঃউন্নয়ন, নতুন নির্মাণকাজ সম্পন্ন করা অথবা নতুন বা উন্নত জনসমাগমের স্থান তৈরি করা এবং সুনির্দিষ্ট সাংস্কৃতিক, ঐতিহাসিক গুণগুলোকে সমৃদ্ধ করবে এমন প্রকল্পগুলো অন্তর্ভুক্ত থাকতে পারে যা ক্ষুদ্র-শহরগুলোর আকর্ষণীয় অনুভূতিকে উন্নত করতে পারে।

**মনট্যুর ফলস**

মনট্যুর ফলস একটি টেকসই ভবিষ্যতের অঙ্গীকার নিয়ে প্রাকৃতিক, সাংস্কৃতিক ও চিত্তবিনোদনমূলক সম্পদের একটি সত্যিকারের অসাধারণ মিলনস্থলের দৃষ্টান্ত। মনট্যুর ফলসের ডাউনটাউন এলাকা এই অঞ্চলের অন্যতম সবচেয়ে জনপ্রিয় ও অসাধারণ জলপ্রপাত - শেকুয়াগা ফলসকে - রেস্তোরাঁ, ব্রিউয়ারি, বুটিক এবং ঐতিহাসিকভাবে গুরুত্বপূর্ণ ভবন ও সাইটগুলোর একটি করিডরের সঙ্গে সংযুক্ত করেছে। এই ভিলেজে অনেকগুলো ছোট ছোট পার্ক ছড়িয়ে ছিটিয়ে রয়েছে যেগুলো জনসমাগমের স্থান এবং কমিউনিটি ইভেন্টগুলোর ভেন্যু হিসেবে কাজ করে, এবং এটি এই অঞ্চলের নৈসর্গিক সৌন্দর্য, যেমন ক্যাথেরিন ভ্যালি ট্রেইল এবং কুইন ক্যাথেরিন মার্শ ট্রেইল, ইত্যাদি উপভোগ করার অনন্য সুযোগ প্রদান করে। মনট্যুর ফলস ফার্মার্স মার্কেটে, যেটি ফায়ারম্যান'স ফিল্ডের কেন্দ্রস্থলে অবস্থিত, স্থানীয়ভাবে উৎপাদিত সবচেয়ে তাজা খাবার পাওয়া যায়, এবং ডাউনটাউনের কাছাকাছি অবস্থিত কয়েকটি ওয়াইনারি সাপ্তাহিক ভিত্তিতে জনসাধারণের পণ্যের বাজার আয়োজন করে থাকে, যেখানে অধিবাসীদের জন্য বিশেষ খাবারগুলো অফার করা হয়ে থাকে। ডাউনটাউনে এবং আশেপাশের এলাকায় অবকাঠামো, স্থায়িত্ব এবং কর্মসংস্থান বৃদ্ধির জন্য উল্লেখযোগ্য বিনিয়োগ করা হয়েছে, এবং এই ভিলেজটি স্কুয়েলার কাউন্টির অধিবাসী ও দর্শনার্থীদের জন্য দ্রুত একটি জনপ্রিয় গন্তব্যস্থল হয়ে উঠছে। মনট্যুর ফলস ভিলেজ এটির ঐতিহাসিক আকর্ষণ, শিল্পোদ্যোগের উদ্দীপনা, বন্ধুত্বপূর্ণ ও হেঁটে চলাচলের উপযুক্ত পরিবেশ এবং নিউ ইয়র্ক স্টেট ফায়ার একাডেমির (New York State Fire Academy) মতো বৃহৎ আঞ্চলিক নিয়োগকর্তার কাছাকাছি অবস্থানের পাশাপাশি এটির ক্রমবর্ধমান স্থায়িত্ব ও পরিবেশগত সচেতনতার সংস্কৃতিকে কাজে লাগিয়ে একটি প্রাণবন্ত

ডাউনটাউন তৈরি করতে চায় যেটি নিজের "মেইন স্ট্রিট" বৈশিষ্ট্যকে সর্বোচ্চ কাজে লাগাবে এবং বছরব্যাপী উদ্ভাবনমূলক ও সমৃদ্ধ অর্থনীতি টিকিয়ে রাখতে একটি প্রগতিশীল কমিউনিটি গড়ে তোলার জন্য জীবনযাপনের মান, সহনশীলতা ও অর্থনৈতিক সুযোগ-সুবিধা উন্নত করবে। এই ভিলেজ নতুন স্থাপনাগুলোকে সবুজ নির্মাণ নীতিমালা গ্রহণ করতে উৎসাহিত করা, ঐতিহাসিক দিক থেকে গুরুত্বপূর্ণ ভবনগুলো সংরক্ষণ ও সংস্কার করা এবং স্থানীয় মালিকানাধীন ক্ষুদ্র ব্যবসাগুলোকে উৎসাহিত করা এবং ডাউনটাউনে বিদ্যমান আবাসিক অপশনগুলোর সংখ্যা বৃদ্ধি করার মাধ্যমে এটির রূপকল্প বাস্তবায়ন করবে।

**ওয়েভারলি**
চেমুং ও সাসকুয়েনা নদীর সংযোগস্থলে অবস্থিত ওয়েভারলি ভিলেজ আমেরিকার একটি ছোট টাউনের জীবনযাত্রার পদ্ধতি গ্রহণ করেছে যা এটির অধিবাসীদেরকে নৈসর্গিত প্রাকৃতিক সৌন্দর্য, দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনার কমিউনিটি স্পেস, গল্পে গাঁথা ইতিহাস এবং স্বতন্ত্র বৈশিষ্ট্যের স্থাপনার একটি পরিবেশে শান্তিপূর্ণ, কিন্তু সক্রিয় জীবন উপভোগ করার সুযোগ করে দিয়েছে। ডাউনটাউন ওয়েভারলিতে স্বতন্ত্র মালিকানাধীন বুটিক শপ, পাঁচমিশালি রেস্তোরাঁ এবং পরিষেবা প্রদানকারী ব্যবসা প্রতিষ্ঠানগুলোর একটি চমৎকার মিশেল রয়েছে, এবং এটি শীতকালে টিনসেল-ইন-লাইটস থেকে শুরু করে গ্রীষ্মকালীন আউটডোর কনসার্ট পর্যন্ত সারা বছর ব্যাপী কমিউনিটি ইভেন্ট আয়োজন করে থাকে। ওয়েভারলি হিস্টোরিকাল সোসাইটি (Waverly Historical Society) এবং সাসকুয়েনা রিভার আর্কিওলজিকাল সেন্টার (Susquehanna River Archaeological Center) অধিবাসী ও দর্শনার্থীদের জন্য সমানভাবে এই ভিলেজ ও অঞ্চলটি সম্পর্কে আরো তথ্য জানার সুযোগ প্রদান করছে, এবং এটির প্রাকৃতিক ল্যান্ডস্কেপ প্যাডলিং ও ফিশিং থেকে শুরু করে বাইকিং ও হাইকিং পর্যন্ত বিভিন্ন আউটডোর চিত্তবিনোদনের সুযোগ-সুবিধা প্রদান করে থাকে। ওয়েভারলি ভিলেজের NY ফরোয়ার্ড কর্মসূচির আওতাধীন এলাকা হচ্ছে এটির ডাউনটাউন সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্ট, যা মূলত সংযুক্ত, বহুতলবিশিষ্ট, মিশ্র-ব্যবহারের ভবন নিয়ে গঠিত বেশিরভাগ ক্ষেত্রে অক্ষত রয়ে যাওয়া ঐতিহাসিক ডাউনটাউন। ওয়েভারলি ভিলেজ আমেরিকার ছোট টাউনের প্রাণবন্ততার একটি দৃষ্টান্ত হয়ে উঠার জন্য এটির বন্ধুত্বপূর্ণ, সম্পৃক্ত কমিউনিটি, শক্তিশালী নেতৃত্ব, মানসম্মত স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানের প্রাচুর্য, এটির সেরা মানের শিক্ষা ব্যবস্থা এবং চিত্তবিনোদনের রত্নসমূহ যেমন ওয়েভারলি গ্লেন পার্ক (Waverly Glen Park) এবং টু রিভার্স স্টেট পার্ককে (Two Rivers State Park) কাজে লাগাতে চায়। ওয়েভারলি পরিত্যক্ত ও যথাযথভাবে ব্যবহার না হওয়া ভবনগুলোকে রূপান্তর করা, আরো বেশি আবাসন ও স্বাস্থ্যসেবার সুযোগ-সুবিধা তৈরি করা এবং জনসাধারণের জন্য সবুজতর সুযোগ-সুবিধায় বিনিয়োগ করার মাধ্যমে স্থানের একটি শক্তিশালী অনুভূতিসম্পন্ন আরো বেশি আকর্ষণীয় একটি ডাউনটাউন তৈরি করার রূপকল্প অর্জন করবে, যে ডাউনটাউন বিভিন্ন ধরনের নতুন ব্যবসা প্রতিষ্ঠানকে আকৃষ্ট করবে, স্থানীয় করের ভিত্তি বৃদ্ধি করবে, বৈচিত্র্যপূর্ণ আবাসন ও কর্মসংস্থানের সুযোগ প্রদান করবে এবং স্টেটের ডিকার্বনাইজেশনের লক্ষ্যসমূহ অর্জনে সহায়তা করবে।

**সেক্রেটারি অব স্টেট রবার্ট জে. রডরিগেজ বলেন,** "ক্ষুদ্র ও গ্রামীণ কমিউনিটিগুলো সাদার্ন টিয়ারের প্রাণশক্তি, আমাদের উদ্ভাবনমূলক NY ফরোয়ার্ড কর্মসূচি এসব অতি গুরুত্বপূর্ণ এলাকায় সরাসরি বিনিয়োগ করার প্রতি মনোযোগ দিচ্ছে। NY ফরোয়ার্ড কর্মসূচির অনুদান গ্রহীতা হিসেবে, মনট্যুর ফলস এবং ওয়েভারলি আমাদের স্টেটের সমৃদ্ধশীল ডাউনটাউন

পুনরুজ্জীবিতকরণের অংশ হয়ে উঠবে এবং নিজেদের ডাউনটাউনগুলোকে তাদের অনন্য বৈশিষ্ট্যগুলো প্রদর্শন করার মতো প্রিমিয়ার গন্তব্যস্থলে রূপান্তর করার জন্য একটি কমিউনিটিকেন্দ্রিক পরিকল্পনা তৈরি করবে। উভয় কমিউনিটিকে তাদের অনুদানপ্রাপ্তির জন্য অভিনন্দন।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন,** "NY ফরোয়ার্ড উদ্যোগটি নিউ ইয়র্ক স্টেটজুড়ে ক্ষুদ্রতর, গ্রামীণ কমিউনিটিগুলোর পুনরুজ্জীবিতকরণের প্রতি মনোযোগী একটি কর্মপ্রচেষ্টা। এই টার্গেটকৃত তহবিল কাজে লাগিয়ে, মনট্যুর ফলস ভিলেজ এবং ওয়েভারলি ভিলেজ নিজেদের ডাউনটাউনগুলোর প্রাণবন্ততা ও অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করার জন্য তৈরি করা পরিকল্পনাগুলোর মাধ্যমে সেগুলোর উজ্জ্বল ভবিষ্যতের পরিকল্পনা এবং কল্পনা করতে সক্ষম হবে।"

**হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal)-এর কমিশনার রুথ-অ্যান ভিসনাউকাস বলেন**, "গভর্নরের 100 মিলিয়ন ডলারের NY ফরোয়ার্ড কর্মসূচির তরফ থেকে 4.5 মিলিয়ন ডলারের অনুদান মনট্যুর ফলস ও ওয়েভারলিকে সুচিন্তিত উপায়ে উন্নয়নকৃত, ভবিষ্যতমুখী কৌশলগত পরিকল্পনা অনুযায়ী বেড়ে উঠতে সাহায্য করবে, যা তাদের বিদ্যমান অর্থনৈতিক শক্তির দিকগুলোকে জোরদার করবে, এবং একইসাথে উভয় ভিলেজকে অনন্য করে তোলা প্রাকৃতিক সৌন্দর্য ও ইতিহাসের সম্মান বজায় রাখবে।"

**স্টেট সিনেটর টম ও'মারা বলেন,** "মনট্যুর ফলস ও ওয়েভারলি কমিউনিটি এবং আমাদের সমগ্র অঞ্চলের জন্য এটি চমৎকার সংবাদ যে NY ফরোয়ার্ড কর্মসূচির এসব বিনিয়োগ স্থানীয় নেতৃত্বকে অতি গুরুত্বপূর্ণ পুনরুজ্জীবিতকরণ প্রকল্পগুলো সম্পন্ন করার সুযোগ করে দেবে। আমাদের অপেক্ষাকৃত ক্ষুদ্রতর ও গ্রামীণ লোকালয়গুলোর ভবিষ্যত মান ও শক্তির জন্য এটি একটি গুরুত্বপূর্ণ এবং পার্থক্য সৃষ্টিকারী উদ্যোগ। আমরা প্রকল্পগুলোর চলমান পরিকল্পনা, উন্নয়ন, ও বাস্তবায়ন সম্পন্ন হতে দেখার জন্য অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি, যা এসব অসাধারণ এলাকার ভিলেজগুলোর অর্থনীতি, সংস্কৃতি ও সামাজিক কাঠামোকে নিশ্চিতভাবে সমৃদ্ধ করে তুলবে।"

**অ্যাসেম্বলি সদস্য ক্রিস্টোফার এস. ফ্রেন্ড বলেন,** "NY ফরোয়ার্ড কর্মসূচির অনুদানগ্রহীতা হিসেবে ওয়েভারলি এবং মনট্যুর ফলসকে অভিনন্দন, যে তহবিল তাদের ইতোমধ্যে আকর্ষণীয় ও প্রাণবন্ত কমিউনিটিকে সমৃদ্ধ করে তোলার জন্য পরিকল্পিত বাড়তি বৈশিষ্ট্যগুলো বাস্তবায়নের সক্ষমতা প্রদান করবে।"

**অ্যাসেম্বলি সদস্য ফিল পালমেসানো বলেন,** "মনট্যুর ফলস ভিলেজ এবং আশেপাশের এলাকার জন্য এটি একটি চমৎকার সংবাদ। ফিঙ্গার লেকস অঞ্চলের প্রাণকেন্দ্রে অবস্থিত এই ভিলেজ সামগ্রিক স্থানীয় অবকাঠামো উন্নত ও আপগ্রেড করা, অর্থনৈতিক কর্মসংস্থানের সুযোগ-সুবিধা বৃদ্ধি করা, এবং পরিবেশবান্ধব সেরা ব্যবস্থাপনা রীতিসমূহ সফলভাবে বাস্তবায়ন করার জন্য অত্যন্ত কঠোর পরিশ্রম করে আসছে। NY ফরোয়ার্ড কর্মসূচির এই অনুদান অত্যন্ত গুরুত্বপূর্ণ অপরিহার্য তহবিল প্রদান করবে যা সেগুলোর অব্যাহত রূপান্তরের জন্য অত্যন্ত

গুরুত্বপূর্ণ এবং সম্পন্ন হয়ে গেলে, অধিবাসী ও পর্যটকরা মনটুয়্যর ফলস ভিলেজের অফার করা সমৃদ্ধ গভীর সাংস্কৃতিক ইতিহাসের অভিজ্ঞতা নিতে ও উপভোগ করতে সক্ষম হবে। এটি ঘটতে সাহায্যকারী স্টেট, আঞ্চলিক ও স্থানীয় পর্যায়ের অংশীদারিত্ব ও সহযোগিতার জন্য ধন্যবাদ।"

**সাদার্ন টিয়ার আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের (Southern Tier Regional Economic Development Council) সহ-সভাপতি জুডি ম্যাককেনি চেরি, এক্সিকিউটিভ ডিরেক্টর, স্কুয়েলার কাউন্টি পার্টনারশিপ ফর ইকোনোমিক ডেভেলপমেন্ট (Schuyler County Partnership for Economic Development, SCOPED) এবং ক্রুম কমিউনিটি কলেজের প্রেসিডেন্ট কেভিন ড্রাম বলেন,** "মনটুয়্যর ফলস এবং ওয়েভারলি সতিকার অর্থেই সাদার্ন টিয়ার অঞ্চলের ক্ষুদ্রতর কমিউনিটিগুলোর সব ভালো দিক এবং তাদের অফার করা সবকিছুর প্রতিনিধিত্ব করছে। এসব সৌন্দর্যমন্ডিত কমিউনিটির পুনরুজ্জীবিতকরণ এগিয়ে নিতে সাহায্য করার মাধ্যমে ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য কমিউনিটিগুলোর অর্থনৈতিক সুযোগ-সুবিধা ত্বরাণ্বিত করার প্রকৃত প্রয়োজন অনুধাবন করতে পারায় গভর্নর হোকলকে অনেক ধন্যবাদ।"

**স্কুয়েলার কাউন্টি আইনসভার সভাপতি কার্ল এইচ. ব্লোয়ার্স বলেন,** "মনটুয়্যর ফলস ভিলেজের জন্য নতুন নিউ ইয়র্ক ফরোয়ার্ড কর্মসূচির 4.5 মিলিয়ন ডলারের অনুদান স্টেটের দ্বারা একটি অসাধারণ বিনিয়োগ কারণ এটি মনটুয়্যর ফলস ভিলেজকে এবং তার সাথে সাথে স্কুয়েলার কাউন্টিকে রূপান্তর করবে। ক্ষুদ্র কমিউনিটিগুলোর জন্য এই মিনি-DRI কর্মসূচি তৈরি করার জন্য আমরা গভর্নর ক্যাথি হোকলের প্রতি কৃতজ্ঞ এবং আমরা এই ভিলেজে উল্লেখযোগ্য পুনরুজ্জীবীতকরণ প্রকল্পগুলো সম্পন্ন করতে এই ভিলেজ ও স্টেটকে সহায়তা করার প্রত্যাশা রাখি। আমি এই প্রক্রিয়ায় কমিউনিটির সম্পৃক্ততা এবং শিক্ষার্থীদের অংশগ্রহণের ব্যাপারে বিশেষভাবে আনন্দিত।"

**মনটুয়্যর ফলস ভিলেজের মেয়র জেমস রায়ান বলেন,** "মনটুয়্যর ফলস ভিলেজের পক্ষ থেকে, মনটুয়্যর ফলসের মতো কমিউনিটিগুলোকে লক্ষ্য করা তার NY ফরোয়ার্ড কর্মসূচির জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই। আমি আনন্দিত যে আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল আমাদের ভিলেজের অতীতের অর্জনগুলোর স্বীকৃতি দিয়েছে এবং মনটুয়্যর ফলসকে সামনে এগিয়ে নেওয়া অব্যাহত রাখার জন্য আমাদের পরিকল্পনা গ্রহণ করেছে। এই প্রকল্প দল যে পেশাদার মনোভাব দেখিয়েছে আমি তার স্বীকৃতি দিতে চাই, যা প্রকল্পের লক্ষ্যসমূহ বাস্তবায়ন হওয়ার বিষয়টি নিশ্চিত করবে। এই পর্যায়ের তহবিল মনটুয়্যর ফলসকে এটির অর্থনৈতিক ও কমিউনিটি উন্নয়নের লক্ষ্যসমূহ পূরণ করতে এগিয়ে যেতে সাহায্য করবে।"

**টিওগা কাউন্টি আইনসভার সভাপতি মার্থা সাওয়ারব্রে বলেন,** "গভর্নর হোকলকে ধন্যবাদ! ওয়েভারলি ভিলেজের জন্য NY ফরোয়ার্ড কর্মসূচির অনুদানের জন্য আমরা উচ্ছসিত ও কৃতজ্ঞ। এই নতুন সুযোগ আমাদেরকে শুধু ওয়েভারলি ভিলেজে বিনিয়োগ করারই নয়, বরং এই ভিলেজকে পুনরুজ্জীবিত করার সুযোগ প্রদান করবে। আমাদের ডাউনটাউনগুলোকে জীবন্ত, প্রাণবন্ত, ও উষ্ণ রাখা আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনি আপনার হোমটাউনকে যেমন দেখতে চান তার সবকিছু!"

**ওয়েভারলি ভিলেজের মেয়র প্যাট্রিক অ্যারিস বলেন,** "ওয়েভারলি ভিলেজকে নিউ ইয়র্ক ফরোয়ার্ড অনুদান প্রদান করা একটি রূপান্তরমূলক পদক্ষেপ। এসব অনুদান এই কমিউনিটিকে সামষ্টিকভাবে একটি দল হিসেবে সামগ্রিকভাবে এটির পছন্দনীয় ভবিষ্যতের জন্য বিনিয়োগ করার সুযোগ করে দেবে। এসব অনুদানের অর্থ কাজে লাগিয়ে যেসব সম্ভাব্য প্রকল্প হয়তো কখনোই বাস্তবায়ন হতো না সেগুলোর উন্নয়ন হওয়া এবং সম্পন্ন হওয়ার সম্ভাবনা তৈরি হয়েছে। NY ফরোয়ার্ড অনুদানের অর্থ কমিউনিটির আরো স্টেকহোল্ডারদেরকে প্রকল্পগুলোতে নিজস্ব মূলধন বিনিয়োগ করতেও উৎসাহিত করতে পারে, যা এই অনুদানের প্রভাবকে সম্প্রসারণ করবে। ওয়েভারলি ভিলেজের জন্য এটি উদ্দীপনাপূর্ণ একটি সময় এবং আমরা NY ফরোয়ার্ড কর্মসূচির অনুদানপ্রাপ্তির জন্য দারুণভাবে কৃতজ্ঞ এবং এসব তহবিলের দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনা সম্পন্ন করার শপথ করছি।"

সাদার্ন টিয়ারের আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল এই অঞ্চলের কমিউনিটিগুলোর জমা দেয়া প্রস্তাবগুলোর একটি পুঙ্খানুপুঙ্খ ও প্রতিযোগিতামূলক পর্যালোচনা প্রক্রিয়া সম্পন্ন করেছে এবং এসব কমিউনিটি সম্পর্কে সুপারিশ করার আগে নিচের শর্তগুলো বিবেচনা করেছে:

- ডাউনটাউনটি সুনির্দিষ্ট পরিসীমা-বিশিষ্ট ও নিবিড়ভাবে বিন্যস্ত হতে হবে;
- ডাউনটাউনটি পূর্বের বা ভবিষ্যতের বেসরকারি ও সরকারি বিনিয়োগকে সে অঞ্চলে ও তার আশেপাশের অঞ্চলে কাজে লাগাতে সক্ষম;
- ডাউনটাউনের মধ্যে, অথবা ডাউনটাউনের নিকটবর্তী এলাকায় কর্মসংস্থানের সাম্প্রতিক বা আসন্ন বৃদ্ধি ঘটার সুযোগ থাকতে হবে, যা কর্মীদেরকে ডাউনটাউনে আকৃষ্ট করতে পারবে, পুনঃউন্নয়নে সহায়তা করবে এবং টেকসই সমৃদ্ধি বয়ে আনবে;
- ডাউনটাউনটি অবশ্যই সব বয়স, আয়, লিঙ্গ, পরিচয়, সক্ষমতা, গতিশীলতা ও সাংস্কৃতিক পটভূমির লোকজনের জন্য একটি আকর্ষণীয় ও প্রাণবন্ত কমিউনিটি হতে হবে;
- মিউনিসিপ্যালিটিকে অবশ্যই ইতোমধ্যে বসবাসের উপযুক্ততা ও জীবনের মান বৃদ্ধি করবে এমন নীতিমালা গ্রহণ করে থাকতে হবে অতবা এমন নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন করার সক্ষমতা থাকতে হবে;
- মিউনিসিপ্যালিটি ডাউনটাউনের পুনরুজ্জীবিতকরণের একটি ভিশন এবং কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা যেতে পারে এমন প্রকল্প ও উদ্যোগগুলোর একটি প্রাথমিক তালিকা পাওয়া যায় এমন একটি উন্মুক্ত ও শক্তিশালী কমিউনিটির সম্পৃক্ততা প্রক্রিয়া পরিচালনা করে থাকতে হবে;
- মিউনিসিপ্যালিটি এমন রূপান্তরমূলক প্রকল্পগুলোকে শনাক্ত করেছে যেগুলো NY ফরোয়ার্ড তহবিল পেলেই নিকটবর্তী-মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তুত হয়ে যাবে; এবং
- মিউনিসিপ্যালিটির প্রকল্পগুলোর পরিকল্পনা প্রক্রিয়া ও বাস্তবায়ন নিয়ন্ত্রণ করার মতো স্থানীয় সক্ষমতা রয়েছে, যার মধ্যে বরাদ্দপ্রাপ্ত মিউনিসিপ্যাল প্রকল্পগুলোর কন্ট্রাক্টগুলো তদারক করার সক্ষমতাও অন্তর্ভুক্ত রয়েছে।

মনট্যুর ফলস ও ওয়েভারলি এখন তাদের ডাউনটাউনগুলোকে পুনরুজ্জীবিত করার জন্য কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়নের প্রক্রিয়া শুরু করবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, কমিউনিটির নেতৃবৃন্দ, ও অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি

বেসরকারি খাতের একদল বিশেষজ্ঞ ও স্টেট পর্যায়ের পরিকল্পনাকারীদের সহায়তা নিয়ে এসব প্রচেষ্টায় নেতৃত্ব দিবে। এই কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় প্রতিটি কমিউনিটির ভিশনের সাথে সঙ্গতিপূর্ণ এবং বাস্তবায়ন উপযোগী প্রকল্পগুলো শনাক্ত করার জন্য স্থানীয় সম্পদ ও সুযোগগুলো পরীক্ষা করা হবে। পুনরুজ্জীবিতকরণকে দ্রুত শুরু করার এবং দীর্ঘমেয়াদী সমৃদ্ধির নতুন সুযোগ-সুবিধা তৈরি করার সবচেয়ে বেশি সম্ভাবনা রয়েছে এমন নির্বাচিত প্রকল্পগুলোকে কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা থেকে তহবিল প্রদান করা হবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন